

Embassy of Bangladesh
Washington DC

Press Release

Featuring Bangabandhu in Times Square Billboard unique initiative to project Bangabandhu abroad

Washington, DC, 13 August 2021

Bangladesh Ambassador to the USA, M Shahidul Islam has praised the initiative to display the life and work of Bangabandhu Sheikh Mujibur Rahman on the “Times Square Billboard” of New York City.

This unique initiative to display highlights of Bangabandhu’s life and work on the world-famous Times Square Billboard has been spearheaded by Fahim Feroz, a Bangladeshi American entrepreneur and CEO of publicity farm NY Dreams Production.

The organizers have confirmed that the exhibition will run on the iconic billboard for 15 seconds every two minutes for 24 hours, from midnight on 15 August to 11:59 pm. Bangabandhu’s picture will appear in Times Square a total of 720 times in 24 hours.

Ambassador Shahidul Islam thanked Fahim for his initiative and expressed happiness to be part of the historic event.

In a congratulatory message, the Ambassador said that such events would play a very effective role in highlighting the life and ideals of Bangabandhu to the expatriate Bangladeshis, especially the second and third-generation Bangladeshi Americans.

While this mammoth project was taken by Fahim Feroz with his own funds, a number of Bangladeshi businessmen have subsequently come forward to meet the cost.

The producer of NY Dreams, Fahim Firoz, has expressed gratitude to the Embassy for assisting him in finalizing the contents to be exhibited on the iconic billboard and providing all other support. He also recalled the role of Ambassador M Shahidul Islam in obtaining UNESCO’s recognition to and listing of the historic 7th March

speech in the Memory of the World Register and thanked him for accepting the invitation to attend the event in person.



আনঅফিশিয়াল অনুবাদ

নিউ ইয়র্কের টাইম স্কয়ার বিলবোর্ডে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ ভিত্তিক প্রদর্শনী বিদেশেের মাটিতে এক অনন্য উদ্যোগ

ওয়াশিংটন, ডিসি, ১৩ আগস্ট ২০২১

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম সহিদুল ইসলাম নিউইয়র্ক সিটির টাইমস স্কয়ার আইকনিক বিলবোর্ডে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কাজ প্রদর্শনের উদ্যোগের প্রশংসা করেছেন।

বঙ্গবন্ধুর জীবন, আদর্শ ও কর্ম বিশ্ববিখ্যাত টাইমস স্কয়ার বিলবোর্ডে প্রদর্শন করার এই অনন্য উদ্যোগের নেতৃত্ব দিয়েছেন বাংলাদেশি আমেরিকান উদ্যোক্তা এবং প্রচার সংস্থা এনওয়াই ড্রিমস প্রোডাকশনের প্রধান নির্বাহী ফাহিম ফিরোজ।

আয়োজকরা নিশ্চিত করেছেন যেটাইমস স্কোয়ারে প্রদর্শনীটি চলাকালে ১৫ আগস্টের মধ্যরাত থেকে রাত ১১-৫৯ পর্যন্ত ২৪ ঘণ্টা ব্যাপী প্রতি দুই মিনিটে ১৫ সেকেন্ড মোট ৭২০ বার আইকনিক বিলবোর্ডে বঙ্গবন্ধুর ছবি প্রদর্শিত হবে।

রাষ্ট্রদূত সহিদুল ইসলাম ফাহিমকে তার উদ্যোগের জন্য ধন্যবাদ জানিয়েছেন এবং ঐতিহাসিক এই অনুষ্ঠানের অংশ হতে পেরে সন্তুষ্টি প্রকাশ করেছেন।

এক অভিনন্দন বার্তায় রাষ্ট্রদূত বলেন, এই ধরনের অনুষ্ঠান প্রবাসী বাংলাদেশিদের, বিশেষ করে দ্বিতীয় এবং তৃতীয় প্রজন্মের বাংলাদেশি আমেরিকানদের কাছে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ তুলে ধরতে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করবে।

এই বিশাল প্রজেক্ট ফাহিম ফিরোজ তার নিজস্ব অর্থায়নে শুরু করলেও পরে বেশ কয়েকজন বাংলাদেশী ব্যবসায়ী এই খরচ মেটাতে এগিয়ে এসেছেন।

এনওয়াই ড্রিমসের প্রধান নির্বাহী ফাহিম ফিরোজ অনুষ্ঠানটিতে প্রদর্শিতব্য কন্টেন্ট চূড়ান্ত করতে এবং অন্যান্য সকল ক্ষেত্রে সহযোগিতা প্রদানের জন্য দূতবাসের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণটিকে বিশ্বের গুরুত্বপূর্ণ প্রামাণ্য ঐতিহ্য হিসেবে জাতিসংঘের স্বীকৃতি আদায়ের ক্ষেত্রে রাষ্ট্রদূত এম সহিদুল ইসলামের ভূমিকার কথা স্মরণ করেন এবং টাইম স্কয়ারে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেয়ার আমন্ত্রণ সাদরে গ্রহণ করার জন্য রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানান।